



চানখাঁরপুল ৬ হত্যা মামলায় সাবেক ডিএমপি কমিশনারসহ ৩ জনের মৃত্যুদণ্ড



সংগৃহীত ছবি

চানখাঁরপুলে ছয়জনকে হত্যার ঘটনায় মানবতাবিরোধী অপরাধের মামলায় সাবেক ডিএমপি কমিশনার হাবিবুর রহমানসহ তিনজনকে মৃত্যুদণ্ড দিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১।

সোমবার (২৬ জানুয়ারি) দুপুরে বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বে তিন সদস্যের ট্রাইব্যুনাল এই রায় ঘোষণা করেন। দণ্ডপ্রাপ্ত অন্য দুজন হলেন— ডিএমপির সাবেক যুগ্ম কমিশনার সুদীপ কুমার চক্রবর্তী এবং রমনা অঞ্চলের সাবেক অতিরিক্ত উপকমিশনার আখতারুল ইসলাম।

জুলাইয়ের গণঅভ্যুত্থান চলাকালে রাজধানীর চানখাঁরপুল এলাকায় ছয়জনকে হত্যার অভিযোগে এ মামলা হয়, যা মানবতাবিরোধী অপরাধ হিসেবে বিচারাধীন ছিল।

উল্লেখ্য, গত বছরের ১৭ নভেম্বর একই ট্রাইব্যুনাল জুলাইয়ের ঘটনাবলিকে ঘিরে মানবতাবিরোধী অপরাধ মামলায় প্রথম রায় দিয়েছিল।

বিস্তারিত আসছে....

LENS ASIA